# মডেল টেস্ট-৩

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১ × ৫০ = ৫০**

**১. মুজিবনগরের সরকারে ছিলেন সৈয়দ নজরুল ইসলাম। তিনি কী দায়িত্ব পালন করতেন?**
ক. রাষ্ট্রপতি খ. অস্থায়ী রাষ্ট্রপতি
গ. প্রধানমন্ত্রী ঘ. অর্থ ও পরিকল্পনা মন্ত্রী

**২. ইব্রাহিম সাহেব রাজশাহী অঞ্চলে যুদ্ধ করেছেন। তিনি কত নং সেক্টরের অধীনে ছিল?**
ক. ১ নং সেক্টর খ. ৩ নং সেক্টর
গ. ৭ নং সেক্টর ঘ. ১১ নং সেক্টর

**৩. ১৯৭১ সালের ২৫এ মার্চ রাতে পাকিস্তানি বাহিনী একটি অভিযান পরিচালনা করে। এর নাম কী?**
ক. অপারেশন জ্যাকপট খ. অপারেশন ক্লিনহার্ট
গ. অপারেশন সার্চলাইট ঘ. অপারেশন রেবেল হান্ট

**৪. অনুর বাবা একজন শহিদ বুদ্ধিজীবী। তাঁর স্মরণে আমরা কোন দিবস পালন করি?**
ক. শহিদ দিবস খ. ভাষা দিবস
গ. বুদ্ধিজীবী দিবস ঘ. বিজয় দিবস

**৫. বীর মুক্তিযোদ্ধা তারামন বিবি তোমার বাড়িতে বেড়াতে এলে তুমি কী করবে?**
ক. তাকে সম্মান দেখাব
খ. তার সম্পর্কে বন্ধুদের বলব
গ. তার সম্পর্কে বাবা মাকে বলব
ঘ. মুক্তিযুদ্ধ সম্পর্কে জানতে চাইব

**৬. উপমহাদেশে 'ক' দেশ বাণিজ্য পরিচালনার জন্য ১৬০০ সালে একটি কোম্পানি প্রতিষ্ঠা করে। 'ক' দ্বারা কোন দেশকে বোঝাচ্ছে?**
ক. ফ্রান্স খ. ব্রিটেন গ. পর্তুগাল ঘ. জাপান

**৭. 'ক' নামক কোম্পানির শাসন যা বাংলায় একশ বছর চলে। এই কোম্পানির শাসনকাল কত?**
ক. ১৭৫৭-১৮৫৭ খ. ১৭৬৫-১৮৬৫
গ. ১৭৮৫-১৮৮৫ ঘ. ১৮৬৫-১৯৬৫

**৮. ব্রিটিশ শাসনামলে ভারতে জাতীয় চেতনার বিস্তার লাভ করতে থাকে। এটা বুঝতে ব্রিটিশরা কোন ব্যবস্থাটি গ্রহণ করে?**
ক. বঙ্গভঙ্গ খ. চিরস্থায়ী বন্দোবস্ত
গ. ভাগ কর শাসন কর নীতি
ঘ. দশসালা বন্দোবস্ত

**৯. বাংলাদেশের একটি বিশেষ খ্যাতনামা স্থান আছে যা প্রায় ১৯০০ বছরের ইতিহাসের সাক্ষ্য বহন করে। উক্ত স্থানটির নাম কী?**
ক. মহাস্থানগড় খ. লালবাগ দুর্গ
গ. উয়ারী-বটেশ্বর ঘ. পাহাড়পুর

**১০. লতা নওগাঁয় গিয়ে একটি ঐতিহাসিক স্থান ভ্রমণ করেছিল। এই স্থানটি কোন আমলের সাক্ষ্য বহন করে?**
ক. মৌর্য আমলের খ. সুলতানি আমলের
গ. পাল আমলের ঘ. সেন আমলের

**১১. শিক্ষক শিক্ষার্থীদের নিয়ে বাংলাদেশের অন্যতম লোকশিল্প জাদুঘর দেখতে যান। এটি কোথায় অবস্থিত?**
ক. সোনারগাঁও খ. নরসিংদী
গ. সিলেট ঘ. ময়নামতি

**১২. জমিদারি প্রথা বিলুপ্তির সাথে সাথে একটি ঐতিহাসিক ভবন বাংলাদেশ সরকারের তত্ত্বাবধানে চলে যায়। এটি কত সালের ঘটনা?**
ক. ১৯৮৪ খ. ১৯৮৫ গ. ১৯৮৬ ঘ. ১৯৮৭

**১৩. বাংলাদেশে একটি প্রধান খাদ্যশস্য চাষ হয়; যা তিন ধরনের হয়ে থাকে। এ কৃষিদ্রব্য কোনটি?**
ক. ধান খ. গম গ. আলু ঘ. ডাল

**১৪. মুন্সিগঞ্জ এলাকায় প্রচুর পরিমাণে আলু উৎপাদিত হয়। সেখানকার মাটির প্রকৃতি কী ধরনের?**
ক. এঁটেল মাটি খ. বেলে-দোআঁশ মাটি
গ. পলি মাটি ঘ. বেলে মাটি

**১৫. বাংলাদেশে উৎপাদিত ফসলের মধ্যে পাট অন্যতম। এই পাটকে কী বলা হয়?**
ক. রূপালী আঁশ খ. সোনালী আঁশ
গ. পাটের আঁশ ঘ. কার্পাস

**১৬. রহিমা বেগম একটি গার্মেন্টিস কারখানায় কাজ করে। রহিমার কারখানাটি কোন ধরনের শিল্প?**
ক. পাট শিল্প খ. বস্ত্র শিল্প
গ. পোশাক শিল্প ঘ. সুতা শিল্প

**১৭. জাতিসংঘের তথ্যানুযায়ী, বাংলাদেশে প্রতিবছর ৩০ লক্ষ মানুষ মোট জনসংখ্যার সাথে যুক্ত হচ্ছে। এর ফলে কোনটি হতে পারে?**
ক. খাদ্য ঘাটতি খ. খাদ্য অপচয়
গ. খাদ্য রপ্তানি ঘ. খাদ্য উৎপাদন হ্রাস

**১৮. স্কুলে যাওয়ার পথে কেয়া একজন বৃদ্ধাকে রাস্তায় ভিক্ষা চাইতে দেখে। এই বৃদ্ধা কোন ধরনের জীবনযাপন করছে?**
ক. সুখী খ. মানবেতর
গ. অনুন্নত ঘ. বিলাসবহুল

**১৯. শামীম কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র থেকে কম্পিউটারের ওপর প্রশিক্ষণ নিয়েছে। এর ফলে সে কোনটি অর্জন করবে?**
ক. উচ্চ শিক্ষা খ. দক্ষতা
গ. অর্থ ঘ. সুনাম

**২০. তুমি কোনো স্থানের স্বল্প সময়ের গড় তাপমাত্রা ও গড় বৃষ্টিপাতকে কী বলবে?**
ক. উষ্ণতা খ. জলবায়ু
গ. তাপমাত্রা ঘ. আবহাওয়া

Teachingbd.com

http://teachingbd.com

২১. রিমিদের বাড়ি বন্যাকবলিত এলাকা হওয়ায় তার পড়ালেখার খুব ক্ষতি হয়। এটি কোন ধরনের দুর্যোগ?
ক. প্রাকৃতিক খ. বৈশ্বিক
গ. মানবসৃষ্ট ঘ. আঞ্চলিক

২২. তুমি বিদ্যালয় ভবনের তৃতীয় তলায় শ্রেণিকক্ষে বসে আছ হঠাৎ ভূমিকম্প শুরু হলো। তুমি তখন কী করবে?
ক. নিজ আসনে বসে থাকব
খ. বেঞ্চের নিচে আশ্রয় নেব
গ. শ্রেণিকক্ষ থেকে বেরিয়ে যাব
ঘ. নিরাপত্তার জন্য প্রার্থনা শুরু করব

২৩. মানুষের অধিকারকে স্বীকৃতি দেয়া হয়েছে মানবাধিকারের সার্বজনীন ঘোষণাপত্রে। এটি কোন প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত?
ক. আসিয়ান
খ. কমনওয়েলথ
গ. জাতিসংঘ
ঘ. ইউরোপীয় ইউনিয়ন

২৪. প্রিয়ন্তীদের পাশের বাড়ির ছেলেটি সবসময় চুপচাপ থাকে। ছেলেটির মধ্যে কোন ধরনের শিশুর বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়?
ক. স্বাভাবিক শিশু খ. অটিস্টিক শিশু
গ. লাজুক শিশু ঘ. মানসিক প্রতিবন্ধী শিশু

২৫. আসিয়া বেগম কাজ করে ন্যায্য মজুরি পান না। আসিয়া বেগম কোন অধিকার থেকে বঞ্চিত হন?
ক. মৌলিক মানবাধিকার খ. রাজনৈতিক অধিকার
গ. সামাজিক অধিকার ঘ. মৌলিক অধিকার

২৬. সুমনের বয়স ১৪ বছর। স্কুলে যাওয়ার পরিবর্তে সে একটা কারখানায় কাজ করে। এক্ষেত্রে তোমার করণীয় কী?
ক. স্কুল কর্তৃপক্ষকে জানাব খ. বড়দের জানাব
গ. এটা এড়িয়ে যাওয়া ঘ. বন্ধুদের জানানো

২৭. আজ ৯ই ডিসেম্বর। প্রথম আলোর প্রতিবেদনে মীরা জানল আজ সারাদেশে একটি দিবস পালিত হচ্ছে। দিবসটি কী?
ক. নারী দিবস খ. রোকেয়া দিবস
গ. পরিবেশ দিবস ঘ. জাতিসংঘ দিবস

২৮. প্রাথমিক সমাপনী পরীক্ষায় ভালো ফলাফল নিয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীর সংখ্যা উভয়ই শতকরা ৪২ জন। এতে কোনটি অর্জিত হয়েছে?
ক. নারী-পুরুষের সমতা খ. নারী ও পুরুষের বৈষম্য
গ. নারীর উন্নয়ন ঘ. পুরুষের উন্নয়ন

২৯. নাদিয়াকে মুরব্বীরা ধর্মীয় অপরাধের কথা বলে অবৈধভাবে শাস্তি দেয়। এ ধরনের নির্যাতন জানা যায় কীসের প্রতিবেদনে?
ক. দুর্নীতি দমন কমিশনের খ. অ্যাকশন এইডের
গ. অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের
ঘ. জাতিসংঘের

৩০. তোমার স্কুলে যাবার পথে একটি বড় রাস্তা আছে। তুমি রাস্তাটি কীভাবে পার হবে?
ক. জোরে দৌড় দিয়ে খ. ডানে তাকিয়ে হেঁটে
গ. বায়ে তাকিয়ে হেঁটে
ঘ. ডানে ও বামে তাকিয়ে হেঁটে

৩১. মিসেস নাসরিন একটি বাক্সে তুলা, কাঁচি, জীবাণুনাশক, ব্যান্ডেজ গুছিয়ে রাখলেন। বাক্সটিকে কী বলা যায়?
ক. প্রাথমিক চিকিৎসা বাক্স খ. ওষুধের বাক্স
গ. ডাক্তারের বাক্স ঘ. জীবাণুনাশক বাক্স

৩২. তোমার বয়স এখন ১০ বছর। তুমি কত বছর পর ভোট দিতে পারবে?
ক. ৬ বছর খ. ৭ বছর
গ. ৮ বছর ঘ. ৯ বছর

৩৩. আনিকা বলল, যেকোনো কাজে অধিকাংশের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। আনিকার বক্তব্যে কোন বিষয়টি প্রকাশিত হয়েছে?
ক. ব্যক্তিগত মনোভাব খ. দলীয় মনোভাব
গ. গণতান্ত্রিক মনোভাব ঘ. সামাজিক মনোভাব

৩৪. হাসপাতালের লিফটে উঠার জন্য সবাই লাইন ধরে দাঁড়িয়ে আছে। এমন সময় একজন গুরুতর অসুস্থ রোগীকেও লিফটে তোলার জন্য আনা হলো। সেক্ষেত্রে তুমি কী করবে?
ক. অন্য লিফটে উঠতে বলব
খ. লাইনে দাঁড়াতে পরামর্শ দেব
গ. তাকে সবার আগে সুযোগ করে দেব
ঘ. তার দ্রুত সুস্থতার জন্য প্রার্থনা করব

৩৫. দেশের উন্নয়নে সরকারকে অনেক অর্থ সংগ্রহ করতে হয়। সরকার কী আরোপ করে এই অর্থ সংগ্রহ করে?
ক. শক্তি খ. শাস্তি গ. আইন ঘ. কর

৩৬. অতীতে সিলেট অঞ্চলে জয়ন্তা নামে একটি রাজ্য ছিল। উক্ত রাজ্যে আগে কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বাস করত?
ক. ত্রিপুরা খ. ওঁরাও গ. ম্রো ঘ. খাসি

৩৭. ইউনেস্কো জয়ীর ভাষাকে ঝুঁকিপূর্ণ বলায় বর্তমানে তার রক্ষণাবেক্ষণ চলছে। জয়ীর ভাষা কোনটি?
ক. বাংলা খ. ম্রো
গ. মনখেমে ঘ. আচিক

৩৮. ওঁরাওদের সাথে সাদ্রি নামটি জড়িত। সাদ্রি কী?
ক. দেবতা খ. ভাষা
গ. গ্রাম প্রধান ঘ. বিশেষ খাবার

৩৯. জাতিসংঘের একটি সংস্থার উদ্যোগে বাংলা আন্তর্জাতিক মাতৃভাষার মর্যাদা পেয়েছে। সংস্থাটির নাম কী?
ক. UNICEF খ. UNESCO
গ. FAO ঘ. WORLD BANK

৪০. বাংলাদেশের শিশুদের শিক্ষা ও স্বাস্থ্য রক্ষায় একটি আন্তর্জাতিক সংস্থা কাজ করছে। এই সংস্থার সদর দপ্তর কোথায়?
ক. নিউইয়র্ক খ. হেগ
গ. ওয়াশিংটন ঘ. ইউনেস্কো

৪১. বীরশ্রেষ্ঠ খেতাবে ভূষিত হয়েছেন কতজন মুক্তিযোদ্ধা?
ক. ৫ খ. ৬ গ. ৭ ঘ. ৮

৪২. প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধে অনেক ভারতীয় সাহসী তরুণ কাদের পক্ষে যুদ্ধে অংশগ্রহণ করে?
ক. ভারতের খ. ব্রিটিশদের
গ. পূর্ববাংলার ঘ. ইস্ট-ইন্ডিয়া কোম্পানি

৪৩. জামালপুর জেলার ইসলামপুর কোন শিল্পের জন্য বিখ্যাত?
ক. মৃৎ খ. কাঁসা গ. রেশম ঘ. কাঠ

http://teachingbd.com

৪৪. কোনটি জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করার অন্যতম উপায় নয়?
ক. শিক্ষা খ. প্রশিক্ষণ
গ. চিত্তবিনোদন ঘ. মানব সম্পদ রপ্তানি

৪৫. কোন সময়ে নদীভাঙন শুরু হলে তা মারাত্মক রূপ ধারণ করে?
ক. শীতের সময় খ. খরার সময়
গ. বন্যার সময় ঘ. ঘূর্ণিঝড়ের সময়

৪৬. ১৯২৩ সালে রাশিয়ার নারীরা কোন মাসের শেষ রবিবার নারী দিবস হিসেবে পালন করে?
ক. জানুয়ারি খ. ফেব্রুয়ারি
গ. মার্চ ঘ. এপ্রিল

৪৭. সুবিধাবঞ্চিতদের সাহায্য করা আমাদের কীসের প্রতি কর্তব্য?
ক. সমাজের প্রতি খ. রাষ্ট্রের প্রতি
গ. পরিবারের প্রতি ঘ. আত্মীয়দের প্রতি

৪৮. পরস্পরের মতের প্রতি আমরা কীরূপ আচরণ করবো?
ক. শ্রদ্ধাশীল হবো
খ. অবহেলা করবো
গ. অন্যদের মতামত গ্রহণ করবো না
ঘ. নিজের সিদ্ধান্তকে সঠিক মনে করবো

৪৯. গারোদের ঐতিহ্যবাহী উৎসবের নাম কী?
ক. বিশু খ. ফাগুয়া
গ. ওয়াংগালা ঘ. সাংগ্রাই

৫০. কোন সংস্থাটি শিশুদের জন্য কাজ করে?
ক. ইউনেস্কো খ. ইউনিসেফ
গ. সার্ক ঘ. ইউএনডিপি

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: (১৫টি। প্রথম ১০টি যোগ্যতাভিত্তিক) ১×১৫ = ১৫

ক. হানাদারদের পথ চিনিয়ে ধ্বংসযজ্ঞ চালাতে সাহায্য করেছিল একটি সংগঠন। এ সংগঠনের নাম কী?
খ. মুনিয়া মেঘনা নদীর তীরে গেলে কোন ঐতিহাসিক নিদর্শনটি দেখতে পাবে?
গ. বাংলাদেশের একটি অর্থকরী কৃষি দ্রব্যকে সোনালী আঁশ বলা হয়। এ দ্রব্যটির নাম কী?
ঘ. রনিদের দেশে সরকারি সহায়তায় বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। এর ফলে কোনটি ঘটবে?
ঙ. প্রিয়া তার যোগ্যতা অনুযায়ী কর্মক্ষেত্রে সঠিক পারিশ্রমিক পাচ্ছে। প্রিয়া কোন ধরনের অধিকার ভোগ করছে?
চ. আসমা যৌতুকের কারণে শ্বশুরবাড়িতে নির্যাতনের শিকার হয়। আসমা তার কোন অধিকার থেকে বঞ্চিত হচ্ছে?
ছ. মনির ভুলে ভেজা হাতে বৈদ্যুতিক তারে হাত দিল। এক্ষেত্রে কী ঘটতে পারে?
জ. শ্রেণিশিক্ষক সকলের ভোটে শ্রেণিনেতা নির্বাচন করেন। এতে কোনটি প্রকাশ পায়?
ঝ. কৌশিক বড়ুয়া আচিক ভাষায় কথা বলেন। তিনি কোন নৃ-গোষ্ঠীর অধিবাসী?
ঞ. জাতিসংঘের একটি অঙ্গ সংস্থা বিশ্বের ছয়টি অঞ্চলে কার্যক্রম পরিচালনা করে। সংস্থাটির নাম কী?
ট. মুক্তিযুদ্ধের অবিসংবাদিত নেতা কে ছিলেন?
ঠ. নবাব সিরাজ-উদ-দৌলার সৈন্যবাহিনীর প্রধান কে ছিলেন?
ড. ভবন নির্মাণে সরকারি সতর্কতা অবলম্বন করলে কোন ধরনের ভূমিকম্প মোকাবিলা করা যায়?
ঢ. নারী নির্যাতনের একটি কারণ লেখ।
ণ. গারোদের সূর্য দেবতার নাম কী?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও: ৫ × ৭ = ৩৫

ক. মুক্তিযুদ্ধের কিছুদিনের মধ্যে বাংলাদেশে একটি সরকার গঠিত হয়। এ সরকার কী নামে পরিচিত ছিল? এ সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন? মুক্তিযুদ্ধে এ সরকারের ভূমিকা তিনটি বাক্যে লেখ। ১+১+৩= ৫
খ. বাংলাদেশের একটি বিশেষ খ্যাতনামা ঐতিহাসিক স্থান যেটি বগুড়া শহর থেকে তেরো কিলোমিটার উত্তরে অবস্থিত। এ ঐতিহাসিক স্থানটির নাম কী? স্থানটি কোন নদীর তীরে অবস্থিত? স্থানটি সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫
গ. আমাদের দেশে দিন দিন একটি ফসলের চাষ প্রসার লাভ করছে, যেটি দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে বেশি হয়। ফসলটির নাম কী? ফসলটি কখন চাষ করা হয়? ফসলটি সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩ =৫
ঘ. ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশে একটি দুর্যোগের ঝুঁকি রয়েছে যার কোনো পূর্বাভাস পাওয়া যায় না। দুর্যোগটির নাম কী? উক্ত দুর্যোগ সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫
ঙ. প্রতিবছর ৮ই মার্চ আমরা একটি দিবস পালন করে থাকি। এ দিবসটির নাম কী? কত সালে জাতিসংঘ দিবসটির স্বীকৃতি দেয়? দিবসটির তিনটি তাৎপর্য লেখ। ১+১+৩ =৫
চ. রুবা প্রতিদিন হেঁটে স্কুলে যাতায়াত করে। রাস্তা পার হওয়ার সময় সে কী ব্যবহার করবে? এক্ষেত্রে তার চারটি করণীয় লেখ। ১+৪=৫
ছ. মমতাদের বিদ্যালয়ে রচনা প্রতিযোগিতা আয়োজনের ক্ষেত্রে প্রধান শিক্ষক কারো সাথে আলোচনা না করেই সিদ্ধান্ত নেন। প্রধান শিক্ষকের আচরণে কোন গুণটি অনুপস্থিত? বিদ্যালয়ের কাজে উক্ত বিষয়টির চারটি ব্যবহার উল্লেখ কর। ১+৪=৫
জ. জাতিসংঘের একটি উন্নয়ন সংস্থার অধীনে প্রতিবছর বিশ্ব স্বাস্থ্য দিবস পালিত হয়। সংস্থাটির নাম কী? সংস্থাটি বিশ্বের কয়টি অঞ্চলে কার্যক্রম পরিচালনা করে? এর কার্যক্রম সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫
ঝ. ১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহের গুরুত্ব পাঁচটি বাক্যে লেখ। ৫
ঞ. ত্রিপুরারা কোন ধর্মের অনুসারী? ৪টি বাক্যে ত্রিপুরাদের সমাজব্যবস্থা বর্ণনা কর। ১+৪= ৫

teachingbd.com

# উত্তরমালা

১. ১. খ. অস্থায়ী রাষ্ট্রপতি;২. গ. ৭ নং সেক্টর; ৩. গ. অপারেশন সার্চলাইট; ৪. গ. বুদ্ধিজীবী দিবস; ৫. ঘ. মুক্তিযুদ্ধ সম্পর্কে জানতে চাইব; ৬. খ. ব্রিটেন; ৭. ক. ১৭৫৭-১৮৫৭; ৮. ক. বঙ্গভঙ্গ; ৯. ক. মহাস্থানগড়; ১০. গ. পাল আমলের; ১১. ক. সোনারগাঁও; ১২. খ. ১৯৮৫;১৩. ক. ধান; ১৪. খ. বেলে-দোআঁশ মাটি ;১৫. খ. সোনালী আঁশ;১৬. গ. পোশাক শিল্প; ১৭. ক. খাদ্য ঘাটতি; ১৮. খ. মানবেতর; ১৯. খ. দক্ষতা;২০. ঘ. আবহাওয়া; ২১. ক. প্রাকৃতিক; ২২. খ. বেঞ্চের নিচে আশ্রয় নেব;২৩. গ. জাতিসংঘ; ২৪. খ. অটিস্টিক শিশু;২৫. ক. মৌলিক মানবাধিকার; ২৬. ক. স্কুল কর্তৃপক্ষকে জানাব; ২৭. খ. রোকেয়া দিবস;২৮. ক. নারী-পুরুষের সমতা; ২৯. গ. অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের; ৩০. ঘ. ডানে ও বামে তাকিয়ে হেঁটে; ৩১. ক. প্রাথমিক চিকিৎসা বাক্স; ৩২. গ. ৮ বছর; ৩৩. গ. গণতান্ত্রিক মনোভাব; ৩৪. গ. তাকে সবার আগে সুযোগ করে দেব; ৩৫. ঘ. কর; ৩৬. ঘ. খাসি; ৩৭. খ. স্লো; ৩৮. খ. ভাষা; ৩৯. খ. UNESCO; ৪০. ক. নিউইয়র্ক; ৪১. গ. ৭; ৪২. খ. ব্রিটিশদের; ৪৩. খ. কাঁসা; ৪৪. গ. চিত্তবিনোদন; ৪৫. গ. বন্যার সময়; ৪৬. খ. ফেব্রুয়ারি; ৪৭. ক. সমাজের প্রতি; ৪৮. ক. শ্রদ্ধাশীল হবো; ৪৯. গ. ওয়াংগালা; ৫০. খ. ইউনিসেফ।

২. ক. রাজাকার।
খ. সোনারগাঁও।
গ. পাট।
ঘ. শ্রমিকরা দক্ষ শ্রমশক্তিতে রূপান্তর হবে।
ঙ. মানবাধিকার।
চ. মানবাধিকার।
ছ. দুর্ঘটনা।
জ. গণতান্ত্রিক মনোভাব।
ঝ. গারো।
ঞ. বিশ্ব স্বাস্থ্য সংস্থা।
ট. জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান।
ঠ. মীর জাফর।
ড. মৃদু ভূমিকম্প।
ঢ. পারিবারিকভাবে নারী নির্যাতনের একটি বিশেষ কারণ হলো যৌতুক।
ণ. সালজং।

Teachingbd.com